গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শের- ই- বাংলা নগর
ঢাকা- ১২০৭।
www.lged.gov.bd

অফিস আদেশ নম্বর - এলজিইডি/সিই/ডিঃইউঃ/ডি- ৭৫(অংশ- ১)/২০০৯/৩৫১ তারিখঃ ০৫ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ / ১৯ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ

# "ব্রিজ নির্মাণের বিশেষ নির্দেশিকা"

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীন বিভিন্ন প্রকল্পের আওতায় সারা দেশে নির্মিতব্য ব্রিজের ক্ষেত্রে সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রকল্প পরিচালক ও নির্বাহী প্রকৌশলীগণকে নিম্নলিখিত বিষয়াবলী আবশ্যিক ভাবে প্রতিপালনের জন্য নির্দেশনা প্রদান করা হলোঃ

১। ব্রিজ নির্মাণের ক্ষেত্রে সংশ্লিষ্ট খাল/নদীর অধিকারভুক্ত সংস্থার পূর্বানুমতি গ্রহণ করতে হবে। অনুমতিপত্রে নদীর শ্রেণী, Horizontal ও Vertical Clearance সংক্রান্ত বিষয়াদি সুস্পষ্ট ভাবে উল্লেখ থাকতে হবে।

২। সংশ্লিষ্ট খাল/নদী- নালা কোন প্রকার খনন প্রকল্পের আওতাভুক্ত হয়ে থাকলে কিংবা ভবিষ্যতে খনন প্রকল্পে অন্তর্ভুক্তির পরিকল্পনা/ সম্ভাবনা থাকলে প্রস্তাবিত স্থানে ব্রিজ/কালভার্ট নির্মাণ করার পূর্বে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে Foundation depth below/above dredge level নির্ধারণ করে অনাপত্তি/ প্রত্যয়ন পত্র গ্রহণ করে সে মোতাবেক ব্রিজের ডিজাইন প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে।

৩। খাল/নদী খনন সংক্রান্ত কোনরূপ তথ্য না পাওয়া গেলেও খাল/নদী ভেদে ৩- ৫ মিটার খনন হতে পারে, বিষয়টি বিবেচনায় রেখে ব্রিজ ডিজাইন প্রণয়ন করতে হবে।

৩। ১০০ মিটার ও তদূর্ধ্ব সকল ব্রিজের ক্ষেত্রে Hydrological & Morphological Study অবশ্যই করতে হবে এবং study এর উপর ভিত্তি করে ব্রিজের দৈর্ঘ্য নির্ধারণ করতে হবে, কোন অবস্থাতেই ব্রিজের দৈর্ঘ্য প্রয়োজনের তুলনায় কম করা যাবে না।

৪। ১০০ মিটার অপেক্ষা ছোট ব্রিজের ক্ষেত্রে ব্রিজের দৈর্ঘ্য কোনভাবেই খাল/নদীর বিদ্যমান প্রস্থ অপেক্ষা ছোট করা যাবে না এবং সেক্ষেত্রেও প্রয়োজনীয় Horizontal ও Vertical Clearance বিবেচনা করে ব্রিজ নির্মাণ করতে হবে।

৫। ব্রিজের সংযোগ সড়কের কাজ ব্রিজ নির্মাণের পূর্বে বা সাথে যথাযথভাবে সমাপ্ত করতে হবে।

বর্ণিত নির্দেশাবলী প্রতিপালনে ব্যর্থতায় সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রকল্প পরিচালক ও নির্বাহী প্রকৌশলীগণ ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন এবং সে মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(শ্যামা প্রসাদ অধিকারী)
প্রধান প্রকৌশলী
ফোনঃ +৮৮০ ২ ৯১২৪০২৭
ই- মেইলঃ ce@lged.gov.bd

অবগতির জন্য প্রেরণ করা হলো:

১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। একান্ত সচিব, মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী ...................................................... (সকল), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী .......................................................... (সকল), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।

৩। প্রকল্প পরিচালক, ................................................................ (সকল), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।

৪। নির্বাহী প্রকৌশলী, .............................................................. (সকল), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।

৫। উপজেলা প্রকৌশলী, ............................................................ (সকল), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।